

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত সপ্তাহব্যাপী বিজয় দিবস উদযাপনের সমাপনী দিনে বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের উদ্যোগে সংগীতানুষ্ঠান



মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত সপ্তাহ ব্যাপী বিজয় দিবস উদযাপনের সমাপনী দিনে ২০ ডিসেম্বর-২০২১, সোমবার বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের পরিবেশনায় সংগীতানুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের স্থাপিত মুজিব মঞ্চে অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

এছাড়াও সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ড. নাসরীন আহমেদ।



এসময় বিভাগীয় চেয়ারম্যান, পরিচালক ছাত্রকল্যাণ, পরিচালক গবেষণা, পরিচালক অর্থ ও হিসাব, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান, প্রক্টর, বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।